গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
২১, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০
www.brtc.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিআরটিসি'র কন্ডাক্টর, গ্রেড-ডি (কাউন্টারম্যান) শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | বয়স (০৬/০২/ ২০২২ খ্রিঃ তারিখে) | শিক্ষাগত যোগ্যতা | যে সব জেলার প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|---|
| ১ | কন্ডাক্টর, গ্রেড-ডি (কাউন্টারম্যান) | ২০০ টি | জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৮তম গ্রেড ৮,৮০০-২১,৩১০/- ও বিধিমতে অন্যান্য আর্থিক সুবিধা | ১৮ হইতে অনুর্ধ্ব ৩০ বছর (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর) | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | নারায়ণগঞ্জ, বগুড়া, মেহেরপুর, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর, (এতিম ও শারীরিক প্রতিবন্ধি ব্যতিত)। |

১. **০৬/০২/২০২২খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৫ নম্বর কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। বয়স প্রমানের ক্ষেত্রে এফিডেভিট গ্রহনযোগ্য নয়।**

২. সরকারী, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় জমা প্রদান করতে হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://brtc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরুপ:

(vii) Online- এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর **তারিখ ও সময়: ১৩/০১/২০২২খ্রিঃ, সকাল ১০:০০ টা।**

(viii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ **তারিখ ও সময়: ০৬/০২/২০২২ খ্রিঃ, বিকাল ৫:০০ টা।**

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরনকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষন করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS:BRTC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example:BRTC ABCDEF*

*Reply: Applicant's Name, Tk……. Will be charged as application fee. Your pin is 12345678. To pay fee Type* BRTC *<space>yes<space>pin and send to 16222.*

দ্বিতীয় SMS: BRTC *<space>yes<space>*PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

*Example: BRTC yes 12345678*

*Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for ………Application for post* Office Conductor-D (Counterman) *User ID is (ABCDEF) and password (xxxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://brtc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।**



Scanned with CamScanner

৭০

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তিতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(vii) User ID জানা থাকলে BRTC <space>Help<space>User<space>User ID, Send to 16222.
Example: BRTC Help User ABCDEF & send to 16222

(viii) Pin Number জানা থাকলে BRTC <space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: BRTC Help PIN 12345678 & send to 16222

৪. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমানিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্নিত (ক্রমিক নং-খ-চ) পর্যন্ত কাগজপত্রের মুলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।

গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র। মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

চ) Online-এ পূরণকৃত ছবিসহ আবেদপত্রের কপি (Applicant's copy)

৫. **সড়ক পরিবহন আইন ২০১৮ এর ১৪ (১) অনুযায়ী বিআরটিএ হতে কন্ডাক্টর লাইসেন্স প্রদান শুরু হলে নিয়োগপ্রাপ্ত কন্ডাক্টরগণ ৬ মাসের মধ্যে কন্ডাক্টর লাইসেন্স বিআরটিএ হতে সংগ্রহ করে বিআরটিসি কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে। তবে এ সময়সীমা কোনক্রমেই ১ বছরের বেশী হবে না। বিআরটিএ কর্তৃক প্রদত্ত কন্ডাক্টর লাইসেন্স ০১ বছরের মধ্যে দাখিল করতে ব্যার্থ হলে নিয়োগ বাতিল বলে গন্য হবে।**

৬. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিআরটিসি'র ওয়েবসাইটে www.brtc.gov.bd পাওয়া যাবে।

৭. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গন্য হবে।

৮. নিয়োগে সরকারের সর্বশেষ বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে।

৯. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষন করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১০ লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ)
বিআরটিসি।
ফোন: ৪১০৫১৩৩৪ (অফিস)

Scanned with CamScanner